



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ

[১৭ই মার্চ ২০২০ - ১৭ই মার্চ ২০২১]

উদ্‌যাপন উপলক্ষ্যে

স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও প্রামাণ্যচিত্র নির্মাণের প্রস্তাব আহ্বান



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষ (১৭ই মার্চ ২০২০ থেকে ১৭ই মার্চ ২০২১) উদ্‌যাপন উপলক্ষ্যে স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও প্রামাণ্য চলচ্চিত্র নির্মাণের জন্য পাণ্ডুলিপিসহ পূর্ণাঙ্গ প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। ২৯ আগস্ট ২০১৯ তারিখের মধ্যে আত্রাই বাংলাদেশি নির্মাতাদের প্রস্তাব পাঠানোর অনুরোধ করা যাচ্ছে।

প্রস্তাবে অনূসরণীয় বিষয়সমূহ :

- বঙ্গবন্ধুর ওপর স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও প্রামাণ্যচিত্রের গল্প, চিত্রনাট্য এবং নির্মাণের কর্মপরিকল্পনাসহ পূর্ণাঙ্গ প্রস্তাবের প্রতিটি ৫ (পাঁচ) কপি করে জমা দিতে হবে।
- স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রে বঙ্গবন্ধুর পরিণত বয়সের কোন অভিনয় থাকবে না। তবে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের ওপর পূর্বে ধারণকৃত প্রামাণ্যচিত্র ব্যবহার করা যাবে।
- প্রস্তাব জমা দেওয়ার সময় প্রস্তাবক/পরিচালক/চিত্রনাট্যকারের পূর্ণাঙ্গ নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, এনআইডি নম্বর প্রস্তাবের সাথে উল্লেখ করতে হবে।
- এ সংক্রান্ত বাছাই কমিটির সদস্য স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাতা হতে পারবেন না।
- স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্রের প্রযোজক হবে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি”র পক্ষে চলচ্চিত্র ও তথ্যচিত্র উপকমিটি।
- প্রতিটি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্রের জন্য সর্বোচ্চ ত্রিশ লক্ষ টাকা এবং প্রতিটি প্রামাণ্যচিত্রের জন্য সর্বোচ্চ বিশ লক্ষ টাকা প্রদান করা হবে।
- চূড়ান্তভাবে মনোনীত স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র এবং প্রামাণ্যচিত্র নির্মাণের ব্যয়ভার সরকার বহন করবে।
- চিত্রনাট্য ও পূর্ণাঙ্গ প্রস্তাব “মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর (১১২, সার্কিট হাউস রোড) ঢাকা”য় পাঠাতে হবে।

সদস্য সচিব
চলচ্চিত্র ও তথ্যচিত্র উপকমিটি
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী
উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট
১/ক, সেগুনবাগিচা, ঢাকা